# পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত



**মোঃ নূরুল হক**

চেয়ারম্যান

মোঃ নূরুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ব্যবস্থাপনা বিষয়ে ১৯৬৯ সালে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৭০ সালে তদানিন্তন হাবিব ব্যাংক লিমিটেডের প্রধান কার্যালয় করাচিতে অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন। তিনি অগ্রণী ব্যাংক লিমিটেডের বিভিন্ন শাখায় গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত থেকে ২০০৩ সালে উপ-মহাব্যবস্থাপক পদ থেকে অবসর গ্রহণ করেন। ইহা ছাড়াও তিনি ডাচ্ বাংলা ব্যাংক লিমিটেডের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। ব্যাংকিং সেক্টরে তার সুদীর্ঘ ৩৭ বৎসরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। কর্মজীবনে তিনি যুক্তরাষ্ট্র, থাইল্যান্ড, হংকং, পকিস্তান ও ভারতে পেশাগত প্রশিক্ষন গ্রহণ ও সফর করেছেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের স্বতন্ত্র পরিচালক এবং কোম্পানির অডিট কমিটির চেয়ারপারসন হিসেবে কর্তব্যরত আছেন। কোম্পানির পরিচালনা পর্ষদের ২৫০তম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০ অক্টোবর ২০২২ তারিখ থেকে তিনি পর্ষদের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।



**মোহাম্মদ আব্দুল হালিম**

উদ্যোক্তা পরিচালক

মোহাম্মদ আব্দুল হালিম, উদ্যোক্তা পরিচালক হিসেবে আজিজ পাইপস্ লিমিটেডে দায়িত্ব পালন করছেন। তিনি অর্থনীতি বিষয়ে জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। এক্ষেত্রে তার দীর্ঘ ৪৫ বৎসর অভিজ্ঞতা আছে। তিনি প্রথম বেসরকারী ব্যাংক, ন্যাশনাল ব্যাংক লিমিটেডের সাবেক পরিচালক ছিলেন।



**মোহাম্মদ আহসান উল্লাহ্**

উদ্যোক্তা পরিচালক

মোহাম্মদ আহসান উল্লাহ্, আজিজ পাইপস্ লিমিটেডের একজন উদ্যোক্তা পরিচালক। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি লাভ করেন। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।



**মোহাম্মদ আসাদ উল্লাহ্**

পরিচালক

মোহাম্মদ আসাদ উল্লাহ্, বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ করেন এবং অহিও ষ্টেট ইউনিভার্সিটি, ইউএসএ থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী লাভ করেন। তিনি আজিজ পাইপস্ লিমিটেডের একজন পরিচালক। বর্তমানে তিনি বিদেশে অবস্থান/বসবাস করছেন।

# পরিচালকদের সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত



**মিজ্ হাছিনা আক্তার**
পরিচালক

মিজ্ হাছিনা আক্তার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৫ সালে ব্যবস্থাপনা ডিসিপ্লিনে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ থেকে ব্যাংকিং ডিপ্লোমাসহ পেশাগত দক্ষতা অর্জনে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর মহাব্যবস্থাপক হিসেবে অপারেশনস্ ও আইসিটি এন্ড ডিপোজিটরি উইং-এ দায়িত্বরত। আইসিবিতে তাঁর সুদীর্ঘ ৩৪ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। আইসিবির মনোনীত প্রতিনিধি হিসেবে তিনি আজিজ পাইপস্ লিমিটেড এর পরিচালক হিসেবে দায়িত্বরত রয়েছেন।



**ডঃ স্বপন কুমার ধর**
স্বতন্ত্র পরিচালক

ডঃ স্বপন কুমার ধর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৪ সালে পরিসংখ্যান বিষয়ে সম্মান এবং ১৯৭৫ সালে একই বিষয়ে এমএসসি ডিগ্রি অর্জন করেন। পরবরর্তীতে তিনি ১৯৮২ সালে দিল্লী বিশ্ববিদ্যালয় থেকে Mathematical Statistics বিষয়ে এম ফিল এবং একই বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে ১৯৮৯ সালে পিএইচডি ডিগ্রী লাভ করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে Lecturer হিসেবে যোগদান করেন এবং ২০১৯ সালে একই বিভাগের Professor হিসেবে অবসর গ্রহন করেন। জনাব ডঃ স্বপন কুমার ধর ২০০১ সাল থেকে ২০০৪ সাল পর্যন্ত পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্বপালন করেন। তিনি ফাইনান্স কমিটির সদস্য, সিন্ডিকেড ও সিনেট সদস্য, প্রভোষ্ট, ফ্যাকাল্টির সার্চ কমিটির সদস্য ছিলেন। এছাড়াও তিনি University of Benghazi, Libya, Faculty of Economics এ Asst. Professor হিসেবে ১৯৯৭ সাল থেকে ২০০১ সাল পর্যন্ত অধ্যপনা করেছেন। শিক্ষকতা পেশায় তার ৩৩ বৎসরের অভিজ্ঞতা আছে। তিনি উচ্চতর ডিগ্রি ও পেশাগত দক্ষতা অর্জনে বিদেশে ভ্রমন ও অবস্থান করেছেন। পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক তিনি আজিজ পাইপস্ লিঃ এর স্বতন্ত্র পরিচালক এবং নমিনেশন অ্যান্ড রিমিউনারেশন কমিটির চেয়ারপারসন এর দায়িত্ব পালন করছেন।



**এস. এম. হেমায়েত উদ্দিন**
ব্যবস্থাপনা পরিচালক

এস. এম. হেমায়েত উদ্দিন, ঢাকা কলেজ থেকে ১৯৭৩ সালে বিএসসি ডিগ্রী লাভ করেন। ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ থেকে ১৯৭৬ সালে প্রথম বিভাগে বিএড ডিগ্রী লাভ করেন। পরবর্তীতে তিনি এসিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এইউবি) থেকে ২০০৪ সালে ফিনান্স এন্ড একাউন্টটিং এ এমবিএ ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৮১ সালে ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ থেকে ডিপ্লোমা (DAIBB) প্রাপ্ত হন। তিনি ১৯৭৭ সালে প্রবেশনারী অফিসার হিসেবে উত্তরা ব্যাংক লিঃ এ কর্মজীবন শুরু করেন এবং ব্যাংকের বিভিন্ন শাখায়, শাখা ব্যবস্থাপক হিসেবে ৬ বছর দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। ১৯৮২ সালে তিনি ইসলামী ব্যাংক (বিডি) লিঃ এ শাখা ব্যবস্থাপক হিসেবে বিভিন্ন শাখায় ১৯৯৫ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেছেন। অতঃপর ১৯৯৫ সালে এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট হিসেবে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ এ যোগদান করে ২০০৭ সালে ভাইস প্রেসিডেন্ট এবং সর্বশেষ এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট হিসেবে প্রিন্সিপাল শাখার ব্যবস্থাপক এবং প্রধান কার্যালয়ে বিনিয়োগ বিভাগ এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। ২০০৭ সালে থেকে ২০১১ সাল পর্যন্ত প্রিমিয়ার ব্যাংক লিঃ এ এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট হিসেবে আগ্রাবাদ শাখার ব্যবস্থাপক ও প্রধান কার্যালয়ের ক্রেডিট এডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট এর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১৩ সাল থেকে ২০১৬ সাল পর্যন্ত স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ এ চুক্তিভিত্তিক এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং ধানমন্ডি শাখায়, শাখা ব্যবস্থাপক হিসেবে কাজ করেছেন। ব্যাংকিং সেক্টরে তার সুদীর্ঘ ৪২ বছরের কর্ম অভিজ্ঞতা রয়েছে। চাকুরীকালীন সময়ে তিনি বিভিন্ন ট্রেনিং গ্রহণ করেছেন এবং দেশ ও বিদেশে ভ্রমন করেছেন। তিনি গত ২১ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে আজিজ পাইপস্ লিঃ ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।